ভোরের কাগজ

JUN. 22 2002

# বাংলাদেশ ছাত্রমৈত্রীর ২৫ সদস্যের নতুন কমিটি গঠিত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : সাব্বাহ আলী খান কলিন্সকে সভাপতি, আব্দুল আহাদ মিনারকে সাধারণ সম্পাদক এবং মামুনুর রশীদকে সাংগঠনিক সম্পাদক করে বাংলাদেশ ছাত্রমৈত্রীর ২৫ সদস্য বিশিষ্ট নবনির্বাচিত কেন্দ্রীয় কমিটি ঘোষণা করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি অডিটোরিয়ামে ছাত্রমৈত্রীর দুদিনব্যাপী জাতীয় কাউন্সিলের দ্বিতীয় দিনে গতকাল বিকালে ঐ কমিটি ঘোষণা করা হয়।

এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতিতে ছাত্রমৈত্রীর সভাপতি দীপঙ্কর সাহা দিপু নবনির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদককে সাংবাদিকদের সঙ্গে পরিচয় করিয়ে দেন। সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ছাত্রমৈত্রীর সাবেক সভাপতি দীপঙ্কর সাহা দিপু বলেন, সমাজ বদলের লক্ষে অসম্প্রদায়িক, গণতান্ত্রিক, বৈজ্ঞানিক শিক্ষার দাবি, সন্ত্রাস, সাম্প্রদায়িকতা, সাম্রাজ্যবাদবিরোধী লড়াইয়ে ব্যাপক ছাত্র সমাজকে ঐক্যবদ্ধ করার দৃঢ় প্রত্যয় নিয়ে এই কমিটি গঠন করা হয়েছে। নতুন নেতৃত্বের ভিতর দিয়ে তারা একটি যুগোপযোগী ছাত্র আন্দোলন গড়ে তুলবে বলে আমরা আশা করি।